

বিআরটিএ'র জরুরী বিজ্ঞপ্তি :

বিষয় : ড্রাইভিং লাইসেন্স হাই সিকিউরিটি ড্রাইভিং লাইসেন্স এ রূপান্তর প্রসংগে।

ভূয়া ড্রাইভিং লাইসেন্স রোধকরণ ও সড়ক দুর্ঘটনা হ্রাসকল্পে বিআরটিএ কর্তৃক গত ১৬ জুলাই ২০০৬ তারিখ থেকে প্রচলিত পেপারবুক ও পাস্টিক কার্ড ড্রাইভিং লাইসেন্সের পরিবর্তে উচ্চ নিরাপত্তা ফিচার সম্বলিত হাই সিকিউরিটি ড্রাইভিং লাইসেন্স (HSDL) কার্যক্রম চালু করা হয়েছে। ইতোমধ্যে এ কার্যক্রমের আওতায় প্রায় তিন লক্ষ ড্রাইভিং লাইসেন্স HSDL এ রূপান্তরিত করা হয়েছে। এ অথরিটির গোচরীভ হয়েছে যে, এখনও কিছু কিছু ড্রাইভিং লাইসেন্স পেপারবুক লাইসেন্স রয়েছে যেগুলো HSDL এ রূপান্তরের জন্য সংশ্লিষ্ট লাইসেন্সধারী কর্তৃক সংশ্লিষ্ট লাইসেন্স কর্তৃপক্ষ বরাবর আবেদন করা হয়নি। উক্ত পেপারবুক লাইসেন্স ও এ কার্যক্রমের (HSDL) পূর্বে প্রবর্তিত পাস্টিক কার্ড ড্রাইভিং লাইসেন্স এর নকল (ভূয়া) লাইসেন্স দিয়ে কিছু সংখ্যক মোটরযান চালক গাড়ি চালাচ্ছেন মর্মে কর্তৃপক্ষ গোচরীভূত হয়েছে।

এমতাবস্থায় হাই সিকিউরিটি ড্রাইভিং লাইসেন্স (HSDL) প্রবর্তনের উদ্দেশ্য বাস্তবায়নকল্পে সংশ্লিষ্ট সকলকে পেপারবুক ড্রাইভিং লাইসেন্সসমূহের পরিবর্তে HSDL সংগ্রহের নিমিত্ত আগামী ১৬ অক্টোবর ২০০৮ তারিখের মধ্যে এ অথরিটির সংশ্লিষ্ট লাইসেন্স কর্তৃপক্ষের অফিসে নির্ধারিত ফরমে আবেদন করার জন্য অনুরোধ করা হলো। এছাড়া ১৬ জুলাই ২০০৬ তারিখের পূর্বে প্রবর্তিত পাস্টিক কার্ড ড্রাইভিং লাইসেন্সধারীগণকে উক্ত লাইসেন্সের পরিবর্তে অতিদ্রুত হাই সিকিউরিটি ড্রাইভিং লাইসেন্স সংগ্রহের নিমিত্ত সংশ্লিষ্ট লাইসেন্সিং কর্তৃপক্ষের অফিসে আবেদন করার জন্য অনুরোধ করা হলো।

কর্তৃপক্ষের আদেশক্রমে

(শীতাংশু শেখর বিশ্বাস)

উপ-পরিচালক(ইঞ্জিঃ)